

RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

B.A./B.Sc. FOURTH SEMESTER EXAMINATION, MAY 2025

SECOND YEAR (BATCH 2023-27)

Date : 13/05/2025

BENGALI

Time : 11.00 am – 1.00 pm

Paper : 4BNGMIC1

Full Marks : 50

১। ক) বাংলা গদ্যসাহিত্যের ধারায় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের কৃতিত্ব পর্যালোচনা করো। (১২)

অথবা

খ) 'বঙ্গদর্শন' পত্রিকা কত সালে এবং কার সম্পাদনায় প্রথম প্রকাশ পায়? বাংলা সাময়িক পত্রিকার জগতে 'বঙ্গদর্শন' পত্রিকার গুরুত্ব আলোচনা করো। (১+১+১০)

২। ক) ধ্বনি বলতে কী বোঝ? বাংলা স্বরধ্বনির শ্রেণিবিভাগ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। (২+১১)

অথবা

খ) বাংলা ধ্বনি পরিবর্তনের রীতি বা বৈচিত্র্য অনুযায়ী ধ্বনির আগম ও ধ্বনির লোপ সম্পর্কে আলোচনা করো। (১৩)

৩। ক) উদাহরণসহ বাংলা দলবৃত্ত বা কলাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্য আলোচনা করো। (১২)

অথবা

খ) নিম্নের যে কোনো দুটি অংশের ছন্দোলিপি নির্ণয় করো। (৬+৬)

অ) গলির মোড়ে বেলা যে পড়ে এলো, / পুরোনো সুর ফেরিওলার ডাকে / দূরে বেতার বিছায় কোন মায়া, / গ্যাসের আলো জ্বলা এদিন শেষে।

আ) তাহার দুটি পালন করা ভেড়া / চড়ে বেড়ায় মোদের বটমূলে, / যদি ভাঙে আমার ক্ষেতের বেড়া / কোলের পরে নিই তাহারে তুলে।

ই) শুনতে পেলাম পোস্তা গিয়ে / তোমার নাকি মেয়ের বিয়ে / গঙ্গারামকে পাত্র পেলে / জানতে চাও সে কেমন ছেলে?

ঈ) আমার বসন্ত কাঁদে খাদ্যের সারিতে প্রতীক্ষায় / আমার বিনীদ রাতে সতর্ক সাইরেন ডেকে যায়, / আমার রোমাঞ্চ লাগে অথবা নিষ্ঠুর রক্তপাতে, / আমার বিস্ময় জাগে নিষ্ঠুর শৃঙ্খল দুই হাতে।

৪। ক) রূপক অলংকার বলতে কী বোঝ? শ্রেণিবিভাগ ও দৃষ্টান্তসহ রূপক অলংকারের ধারণাটি স্পষ্ট করো। (২+২+৪)

অথবা

খ) উদাহরণসহ 'অপহুতি' অলংকারের পরিচয় দাও। (৮)

গ) অলংকার নির্ণয় করো (যেকোনো একটি) : (৫)

অ) নামে সন্ধ্যা তন্দ্রালসা, সোনার আঁচল খসা,

হাতে দীপশিখা

আ) অসংখ্য বন্ধন মাঝে মহানন্দময়

লভিব মুক্তির স্বাদ